# ২.৪

# প্রকল্পের PIC সভা আয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি বিজয়নগর,
ঢাকা- ১০০০
www.dol.gov.bd

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.০৩৭.০৬.০০১.২৩.১৯

**বিষয়: প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (PIC) সভার নোটিশ**

শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর" প্রকল্পের প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি(PIC)'র ৫ম সভা "মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানবসম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি(PIC)'র ৪র্থ সভা আগামী ২০/০২/২০২৫ তারিখ বৃহস্পতিবার যথাক্রমে বেলা ১১.০০ ঘটিকায় এবং ১১.৩০ ঘটিকায় কমিটির সভাপতি জনাব ফাহমিদা আখতার এনডিসি, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), শ্রম অধিদপ্তর-এর সভাপতিত্বে মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে (শ্রম ভবন, লিফট্-১৯, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

জুম লিংক:
Meeting ID: 850 8368 7164
Passcode: 123456

৩। সভার আলোচ্যসূচী :
(প্রকল্পের নাম: শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর)
ক) বিগত (PIC) সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ; খ) ২০২৪-২৫ অর্থ-বছরে প্রকল্পের সম্পাদিত কাজের বাস্তব ও আর্থিক অগ্রগতি; গ) ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি এবং ঘ) বিবিধ;

৪। সভার আলোচ্যসূচী :
(প্রকল্পের নাম: মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানবসম্পদ উন্নয়ন)
ক) বিগত (PIC) সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ; খ) প্রকল্পের পরিবর্তিত নাম নির্ধারণ বিষয়ে আলোচনা এবং
গ) প্রকল্পের নাম ও স্থান পরিবর্তনের ক্ষেত্রে ডিপিপি সংশোধনের বিষয়ে আলোচনা ;

Hossain
১৮-০২-২০২৫
ইসমাইল হোসেন
সহকারী পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ), ।

২। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৪। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৬। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৭। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৮। অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলানগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৯। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

১০। অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর,ঢাকা।।

১১। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। নির্বাহী পরিচালক, ইউসেপ বাংলাদেশ, মিরপুর, ঢাকা।

১৩। উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান), শ্রম অধিদপ্তর, ঢাকা।।

১৫। পরিচালক ও প্রকল্প পরিচালক (শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর), শ্রম অধিদপ্তর।

১৬। প্রকল্প পরিচালক ("মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানব সম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্প), শ্রম অধিদপ্তর।

১৭। সহকারী সচিব, পরিকল্পনা-৫ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮। প্রকল্প সমন্বয়ক,ইউসেপ, মিরপুর, ঢাকা।

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.০৩৭.০৬.০০১.২৩.১৯/১ (৫)

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। উপ পরিচালক, উপ-পরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর (অফিস কক্ষ প্রস্তুত রাখার অনুরোধসহ)।

৩। সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর ( সম্মেলন কক্ষে ভার্চুয়াল সভায় প্রযুক্তিগত সহায়তা প্রদানের অনুরোধসহ)।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।।

৫। অফিস কপি।

শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "মুনশী আরকান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানবসম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ২০/০২/২০২৫ খ্রি. তারিখ অনুষ্ঠিত 'প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) ৪র্থ সভায় উপস্থিতি :

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল, ফোন/ মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ফাহমিদা আখতার এনডিসি<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | শ্রম অধিদপ্তর | |
| ২ | A S M ASHRAFUL ISLAM<br>JS MoLE | | |
| ৩ | মোহাম্মদ সাইদুর রহমান<br>উপসচিব | MoLE | |
| ৪ | কাজী মো: ফিরোজ হাসান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | |
| ৫ | মো: নাছির উদ্দিন শিকদার<br>নির্বাহী স্থপতি<br>স্থাপত্য অধিদপ্তর | স্থাপত্য অধিদপ্তর | |
| ৬ | সৈয়দ আশরাফুজ্জামান<br>অর্থ বিভাগ | | |
| ৭ | আশরাফ উদ্দীন আহম্মদ<br>প্রধান কারিগরি | শ্রম অধিদপ্তর | |
| ৮ | মো: আরিফ নূর | তথ্য মন্ত্রণালয় | |
| ৯ | ইসমাইল হোসেন<br>সহকারী পরিচালক<br>[illegible] | শ্রম অধিদপ্তর | |

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল, ফোন/ মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | কোহিনুর আক্তার উপপ্রধান | জিইডি, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | কোহিনুর আক্তার |
| ১১ | আহেদা হক যুগ্ম প্রধান (যুগ্ম সচিব) | শিল্প ও শক্তি বিভাগ 01748218227 | [signature] |
| ১২ | মো: হাবিবুর রহমান সহকারী সচিব | এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ | [signature] |
| ১৩ | মো: ইব্রাহীম খলিল উপপ্রধান (উপসচিব) | কার্যক্রম বিভাগ পরিকল্পনা কমিশন | [signature] |
| ১৪ | মো: আবদুল কাদির পরিচালক সেক্টর-৫ | IMED | [signature] |
| ১৫ | মো: আল মামুন [illegible] সচিব (উপসচিব) | BTEB | [signature] |
| ১৬ | ড. মো: আবদুল করিম নির্বাহী পরিচালক ইউডোপ বাংলাদেশ | 01733577271 | |
| ১৭ | | | |
| ১৮ | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি বিজয়নগর,
ঢাকা- ১০০০
www.dol.gov.bd

**"মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানবসম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | জনাব ফাহমিদা আখতার এনডিসি<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২০/০২/২০২৫ খ্রি. |
| সভার সময় | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | শ্রম ভবন, শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ (লেবেল-১৯) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কে আহবান জানান।

**আলোচনা-১:** প্রকল্প পরিচালক জনাব সালাহউদ্দীন মাহমুদ সভায় আলোচনার শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপস্থিত সকল সদস্যের সম্মতিতে বিগত (PIC) সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

**আলোচনা-২:** PIC সভায় সিদ্ধান্ত অনুযায়ী গঠিত প্রকল্প স্থান পরিদর্শন কমিটি প্রকল্পের জন্য ঢাকার যাত্রাবাড়ী ও গাজীপুর এলাকায় ইউসেপ বাংলাদেশ সংস্থার নিজস্ব জায়গা প্রস্তাবিত স্থান ০২টি পরিদর্শন করেন। পরবর্তীতে ২৪/১২/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের এডিপি সভায় ইউসেপ বাংলাদেশ সংস্থার নির্বাহী পরিচালক জনাব মোঃ আব্দুল করিম সংস্থার মিরপুরের জায়গাটিতে প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কাঙ্খিত প্রশিক্ষণার্থীদের যাতায়াত, জনসংখ্যা, প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থানের সুযোগ ও সার্বিক দিক বিবেচনা করে ঢাকার মিরপুরস্থ জায়গাটি নির্ধারণের জন্য উক্ত পরিদর্শন কমিটির সদস্যগণ সকলে একমত হয়ে সুপারিশ প্রদান করেন। উক্ত সুপারিশের প্রেক্ষিতে গত ১৮/০২/২০২৫খ্রি. তারিখে ইউসেপ বাংলাদেশ সংস্থার ঢাকার মিরপুরস্থ জায়গাটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয় এবং প্রকল্পের ডিপিপিতে স্থান পুনঃনির্ধারণপূর্বক সুনামগঞ্জ জেলার শান্তিগঞ্জ উপজেলা হতে মিরপুরস্থ জায়গাটি সংযোজন করে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

প্রকল্পের নাম পরিবর্তনের বিষয়ে বাছাইকৃত প্রকল্প এলাকার নামের সাথে শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানবসম্পদ উন্নয়ন বাক্যটি যুক্ত করে প্রকল্পের নামকরণ করার বিষয়টি প্রকল্প পরিচালক সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে প্রকল্পের নাম পরিবর্তন করে "ঢাকা শ্রম ও কর্মসংস্থান ইন্সটিটিউট স্থাপন ও মানব সম্পদ উন্নয়ন প্রকল্প" অথবা "মিরপুর শ্রম ও কর্মসংস্থান ইন্সটিটিউট স্থাপন ও মানব সম্পদ উন্নয়ন প্রকল্প" নামকরণ করার বিষয়টি আলোচনা করা হয়। শ্রম অধিদপ্তরের মহাপরিচালক প্রকল্পের নাম "ঢাকা শ্রম ও কর্মসংস্থান ইন্সটিটিউট স্থাপন ও মানব সম্পদ উন্নয়ন প্রকল্প" নামকরণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে সভায় উপস্থাপন করেন। তাছাড়া, প্রকল্পের নামকরণের বিষয়ে সভার অন্যান্য সদস্যগণের কাছে প্রকল্পের নাম প্রস্তাব করার আহ্বান করেন। এ পর্যায়ে ইউসেপ বাংলাদেশ সংস্থার নির্বাহী পরিচালক প্রকল্পের নামকরণের ক্ষেত্রে প্রকল্পের নামের সাথে "ইউসেপ" শব্দটি যোগ করার জন্য অনুরোধ করেন। প্রকল্পের নামের সাথে "ইউসেপ" শব্দটির অন্তর্ভুক্তির বিষয়ে সভার

সদস্যগণ একমত পোষণ করেন।

**আলোচনা-৩:** প্রকল্পের স্থান পরিবর্তন হলে বিদ্যমান ডিপিপি সংশোধনসহ স্থাপত্য নকশা ও ব্যয় প্রাক্কলন পরিবর্তিত হওয়ার বিষয়টি সভায় উপস্থাপিত হলে স্থাপত্য অধিদপ্তরে প্রতিনিধি জানান প্রকল্প স্থান পরিবর্তন হলে প্রশিক্ষণের ট্রেডও পরিবর্তন হবে, সেক্ষেত্রে ইউসেপ কর্তৃপক্ষের প্রেরীত চাহিদামালার ভিত্তিতে স্থাপত্য নকশা প্রণীত হবে। মহাপরিচালক মহোদয় নির্ধারিত স্থানে প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্তমতে বিদ্যমান ভবন দ্রুত সময়ের মধ্যে ভেঙ্গে ফেলাসহ সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ইউসেপ কর্তৃপক্ষকে অনুরোধ করেন।

**৪। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(ক) প্রকল্পের নাম "ঢাকা ইউসেপ- শ্রম ও কর্মসংস্থান ইন্সটিটিউট স্থাপন ও মানব সম্পদ উন্নয়ন"**অথবা** "মিরপুর ইউসেপ-শ্রম ও কর্মসংস্থান ইন্সটিটিউট স্থাপন ও মানব সম্পদ উন্নয়ন" ০২ (দুই)টি নাম হতে যে কোনো ০১ (এক)টি নাম প্রকল্পের (PSC) সভায় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;

(খ) নির্ধারিত স্থানে প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্তমতে বিদ্যমান ভবন দ্রুত সময়ের মধ্যে ভেঙ্গে ফেলাসহ সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;

(গ) প্রকল্পের প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত সময়ের মধ্যে উল্লেখিত কার্যক্রম সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হয়;

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) এডিপি রেজুলেশন ২০২৪

২৩-০২-২০২৫
জনাব ফাহমিদা আখতার এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
০২২২৬৬৬৩৫০১ (ফোন)
dg@dol.gov.bd

**নম্বর:** ৪০.০২.০০০০.০০০.০৩৭.০৬.০০০১.২৩.২১

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ,পরিকল্পনা কমিশন।
৪। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৬। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৭। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর।
৮। অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ,পরিকল্পনা বিভাগ।
৯। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১০। নির্বাহী পরিচালক,ইউসেপ বাংলাদেশ, মিরপুর, ঢাকা।
১১। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহেদয়ের

সদয় অবগতির জন্য)।
১৪। উপ-প্রকল্প পরিচালক ("মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানব সম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্প), শ্রম অধিদপ্তর।
১৫। প্রকল্প সমন্বয়ক, "মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানবসম্পদ উন্নয়ন শীর্ষক প্রকল্প"।
১৬। অফিস কপি।

২৪-০২-২০২৫
সালাহউদ্দীন মাহমুদ
প্রকল্প পরিচালক ("মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন এবং মানব সম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্প)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
''শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব
সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর প্রকল্প''
প্লট: ২ ও ৩, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dol.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০০০.০০৫.৯৯.০০০৭.২৪

তারিখ: ১০/০৬/২৫

**বিষয়: শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর প্রকল্পের ০৫ পিআইসি (PIC) সভার কার্যবিবরণী।**

**শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর প্রকল্প'র ৫ম পিআইসি (PIC) সভার কার্যবিবরণী।**

**সভাপতিঃ** ফাহমিদা আখতার
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)(অতিরিক্ত দায়িত্ব)
**সভার তারিখঃ** ২০/০২/২০২৫ খ্রি:
**সময়ঃ** ১১:০০ ঘটিকা।
শ্রম ভবন, শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ
**উপস্থিতিঃ** পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্প পরিচালককে সভায় উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জনাব মো: আবু আশরীফ মাহমুদ প্রকল্প সংক্রান্ত সংক্ষিপ্ত উপস্থাপনায় ৪র্থ পিআইসি সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ, বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্প কাজের বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২৪-২৫ অর্থবছরের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সভায় তুলে ধরেন।

০২। আলোচনা:

প্রকল্প পরিচালক আলোচনায় প্রকল্প প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভাকে অবহিত করতে জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে অক্টোবর-ডিসেম্বর ২০২৪ কোয়াটারে ১১৬০ জনের ১৯ টি ট্রেডে ৫৮ টি ব্যাচে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে । তন্মধ্যে অদ্যবধি ৩০৯ জনের (২৭%) কর্মসংস্থান হয়েছে। বর্তমানে চলমান জানুয়ারি-মার্চ ২০২৫ কোয়াটারে ১১৮০ জনের ১৯ টি ট্রেডে ৫৯ টি ব্যাচে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি আরো জানান যে, অক্টোবর ২০২৩ হতে প্রকল্পের আওতায় দক্ষতা প্রশিক্ষণ শুরু হয়েছে এবং অদ্যবদি বিভিন্ন ট্রেডে ইউসেপ বাংলাদেশের ১৩টি TVET প্রশিক্ষণ ইনষ্টিটিউটে মোট ৭০৪০ জন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করেছে যা মোট লক্ষ্যমাত্রার ৪৬% এবং তন্মধ্যে ৪৩৯৭ জনের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে যা লক্ষ্যমাত্রার ৩৬%। তবে প্রশিক্ষণ গ্রহণকারী মোট প্রশিক্ষণার্থীর ৬২% অদ্যবধি এ প্রকল্পের আওতায় চাকুরী প্রাপ্ত হয়েছে যা আরো বৃদ্ধি পাবে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান।

প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের অনুকূলে এডিপি'তে বরাদ্দ দেয়া হয়েছে ১১৬১ লক্ষ টাকা যার মধ্যে অদ্যবধি ব্যয় হয়েছে ২৫৩.২৩ লক্ষ টাকা। ব্যয় কম হওয়ার বিষয়ে তিনি জানান, ৩ মাস ব্যাপি প্রশিক্ষণ কোয়ার্টার সম্পন্ন হলে পরবর্তী ২ মাসের মধ্যে ইউসেপ বাংলাদেশ অধীস্থ সকল প্রশিক্ষণ কেন্দ্র হতে ব্যয় বিল সংগ্রহ করে প্রকল্প দপ্তরে দাখিল করে। প্রকল্প দপ্তর তা যাচাই বাছাই করে মূল বিল আকারে হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তরে দাখিল করে। এভাবে ১৩ টি প্রশিক্ষণ কেন্দ্রে পরিচালিত ৩ মাসের কোয়ার্টার প্রতি বিল দাখিল হয় কম বেশি ৩০০ লক্ষ টাকার। এ হিসেবে মোট ৪ টি কোয়ার্টারে ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ব্যয় সম্ভব হবে।

আলোচনার এ পর্যায়ে ২০২৪-২৫ অর্থবছরের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভাকে অবহিত করতে জানান যে, ১৯টি ট্রেডের প্রশিক্ষণ কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ সম্পর্কিত পন্যাদি ক্রয়ে ৪টি প্যাকেজে এবং সার্ভিস সংক্রান্ত কনসালটেন্সি (সফটওয়্যার ও ডাটাবেজ ডেভোলপমেন্ট) সম্পর্কিত ১টি প্যাকেজের আওতায় ক্রয় কাযক্রম যথাযথ পদ্ধতি ও প্রক্রিয়া অনুসরণপূর্বক সুপারিশকৃত দরদাতাদের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং বর্তমানে মালামাল সরবরাহের কাজ চলমান রয়েছে। দরদাতাদের বিলের টাকা পরিশোধের নিমিত্ত RADP তে অতিরিক্ত ৫৬০ লক্ষ টাকা সংস্থানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে ইতোমধ্যে মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন বলে সভাকে জানান। প্রকল্প কাজের অগ্রগতিতে সভার সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

সিদ্ধান্ত:

১. ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন পূর্বক প্রকল্প ব্যয় নিশ্চিত করতে হবে।
২. প্রকল্পের আওতায় কর্মসংস্থানের যথাযথ রেকর্ড রাখতে হবে।
৩. নিয়মিত প্রকল্প কাজ পরিদর্শন ও পরীবিক্ষণ চলমান রাখতে হবে এবং IMED সহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরকে সম্পৃক্ত করতে হবে।
৪. প্রকল্পের আওতায় জব ফেয়ার এর পরিকল্পনা করে শ্রম অধিদপ্তর ও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ প্রেরণ করতে হবে।
৫. প্রকল্পের আওতায় নিমানাধীন ওয়েব সাইট এর ডেমোনেস্ট্রেশন আগামী এক সপ্তাহের ভিতর প্রদর্শন করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফাহমিদা আখতার
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রকল্প সমন্বয়ক
শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর প্রকল্প।

**স্মারক নম্বর:**

তারিখ:

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
২। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন।।
৩। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।।
৪। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।।
৫। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।।
৬। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর।।
৭। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।।
৮। এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ।।
৯। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।।
১০। নির্বাহী পরিচালক, ইউসেপ বাংলাদেশ, মিরপুর, ঢাকা।।
১১। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
১২। উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। প্রকল্প পরিচালক (শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর প্রকল্প), পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর।।
১৫। প্রকল্প সমন্বয়ক, শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুব সমাজকে শিল্প শ্রমিকে রূপান্তর প্রকল্প, ইউসেপ বাংলাদেশ, মিরপুর, ঢাকা।।
১৬। অফিস কপি।

আবু আশরীফ মাহমুদ
প্রকল্প পরিচালক